# আজকাল

www.aajkaal.in

কলকাতা ১২ বৈশাখ ১৪৩০ বুধবার ২৬ এপ্রিল ২০২৩ শহর সংস্করণ* ৪.০০ টাকা ১২ পাতা

পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা


প্রকাশ সিং বাদলের জীবনাবসান

ভারত-চীনের প্রতিরক্ষামন্ত্রীরা বৈঠকে বসবেন

## ‘৬ বছর ৯০ দিন পর পৃথিবীর তাপমাত্রা বাড়বে ১.৫ ডিগ্রি’

আজকালের প্রতিবেদন

৬ বছর ৯০ দিন পর থেকে চরম দুর্ভোগে পড়তে চলেছি আমরা। মঙ্গলবার ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট (আইআইএসডব্লিউবিএম) আয়োজিত ‘বিশ্ব বসুন্ধরা দিবস’–এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য পেশ করতে গিয়ে এমনই উদ্বেগ প্রকাশ করলেন ইন্ডিয়া আর্থ ডে নেটওয়ার্কের আঞ্চলিক ডিরেক্টর, দক্ষিণ এশিয়া ও কান্ট্রি ডিরেক্টর করুণা সিংহ। তিনি বলেন, ‘জলবায়ু ঘড়ি (ক্লাইমেট ক্লক) বলছে, বর্তমানে যে পরিমাণে কার্বন দূষণ হচ্ছে, তাতে আগামী ৬ বছর ৯০ দিন পর থেকে পৃথিবীর তাপমাত্রা ১.৫ ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পাবে। বিশ্ববাসী চরম দুর্ভোগে পড়বে। তাপমাত্রা বৃদ্ধি পেলে মহাসাগরের জলস্তর বাড়বে। বরফ গলতে শুরু করবে। তাপমাত্রা বাড়লে পাহাড়ি জায়গায় মশার উপদ্রব বাড়বে।’ তিনি আরও বলেন, ‘বিগত কয়েক বছরের তুলনায় এ বছর কলকাতায় সবচেয়ে বেশি গরম পড়েছে। সর্বোচ্চ দৈনিক তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস অতিক্রম করছে। এটা একপ্রকার অশনিসঙ্কেত।’ আইআইএসডব্লিউবিএমের এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার বিভাগের উদ্যোগে এদিন বিশ্ব বসুন্ধরা দিবস পালন করা হয়। এ বছরের বিশ্ব বসুন্ধরা দিবসের থিম ‘ইনভেস্ট ইন আওয়ার প্ল্যানেট’।




আইআইএসডব্লিউবিএম–এর উদ্যোগে বসুন্ধরা দিবস অনুষ্ঠানের উদ্বোধনে (বাঁদিক থেকে) করুণা সিং, আশুতোষ জয়সওয়াল, রত্না সিন্‌হা ও কে এম আগরওয়াল। কলেজ স্ট্রিট ক্যাম্পাসে। মঙ্গলবার। ছবি: তপন মুখার্জি

এদিন সেঞ্চুরি প্লাই প্লাইবোর্ডস ইন্ডিয়া লিমিটেডের ইন্টারন্যাশনাল বিজনেস ও লজিস্টিক্সের প্রেসিডেন্ট আশুতোষ জয়সওয়াল বলেন, ‘আজ জলের অপচয় না রুখলে আগামী দিনে পেট্রোলের মূল্যে পানীয় জল কিনতে হবে। কার্বন দূষণ কমাতে আমরা প্রচুর পরিমাণে বৃক্ষরোপণ করি। তাছাড়া আমরা শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দরের সঙ্গে জোটবদ্ধ হয়ে খিদিরপুর বন্দরে তিনটি টার্মিনাল বানাচ্ছি। সম্ভবত সেটিই দেশের প্রথম সবুজ বন্দর হতে চলেছে। বন্দরটি সৌরশক্তিতে চালিত হবে, থাকবে একাধিক বৈদ্যুতিক ক্রেন। ২০২৪ সালের জুন মাসের মধ্যে সম্পূর্ণ কাজ শেষ হয়ে যাবে বলে আশা করছি।’ উদ্বোধনে ছিলেন টাটা মেটালিক্স লিমিটেডের ভাইস প্রেসিডেন্ট (এইচআরএম) ড. রত্না সিনহা ও আইআইএসডব্লিউবিএমের এমবিএ (পাবলিক সিস্টেম ম্যানেজমেন্ট)–এর বিভাগীয় প্রধান কে এম আগরওয়াল।

এদিন এক আলোচনাসভায় রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চিফ টেকনিক্যাল অ্যাডভাইসর ড. তাপসকুমার গুপ্ত বলেন, ‘কলকাতা শহরে প্রতিদিন ৪৫০০ মেট্রিক টন প্লাস্টিকের আবর্জনা পাওয়া যায়। রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগে প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণ করতে একাধিক পদক্ষেপ করা হয়েছে। ধাপার পাশাপাশি রাজারহাটে কলকাতা পুরসভা একটি ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্ট তৈরি করছে। আগামী জুন মাসের মধ্যে সেই কাজ শেষ হয়ে যাবে।’ ছিলেন সেঞ্চুরি প্লাই প্লাইবোর্ডস ইন্ডিয়া লিমিটেডের কলকাতার শিপিং ও লজিস্টিক্স ম্যানেজমেন্টের ডেপুটি জেনারেল ম্যানেজার চিরঞ্জিত গোস্বামী, এনভায়রনমেন্টাল রিসোর্সেস ম্যানেজমেন্ট কলকাতার পার্টনার দেবাঞ্জন বন্দ্যোপাধ্যায়–সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।